**DELHI PUBLIC SCHOOL, DURGAPUR**

**QUESTION BANK & REVISION SHEET FOR PERIODIC ASSESSMENT - II (2018-19)**

**BENGALI (2ND LANG.) CLASS-VII**

## LITERATURE

### সভ্য ও অসভ্য

**অতি সংক্ষিপ্ত প্রশ্ন**

১। ইউরোপীয় ব্যক্তিটি কত দিন পরে মৃগয়ায় গিয়েছিলেন ?
৫। 'তুমি আমায় আমার আলয়ে পৌছাইয়া দাও'- কার উক্তি ?
২। ইউরোপীয় ব্যক্তিটি বয়স্যবর্গের সাথে কোথায় গিয়েছিলেন ?
৬। 'বাংলা গদ্য সাহিত্যের জনক' কাকে বলা হয় ?
৩। আখ্যান মঞ্জরী গ্রন্থটিতে মোট কটি কাহিনি আছে ?
৭। আমেরিগো ভেসপুচি কত সালে আমেরিকায় এসেছিলেন ?
৪। আদীম অধিবাসী পশু শিকার করতে গিয়ে ক্লান্ত হয়ে কোথায় উপস্থিত হল ?

**প্রশ্নোত্তর -**

১। **"যা বেটা, এখান হইতে চলিয়া যা।"**
কে, কাকে একথা বলেছে ? বক্তা কখন একথা বলে ছিল ? কথাটি শোনার পর আগন্তুক কী করেছিল ?

২। **"পূর্বকৃত নৃশংস আচরণের নিমিত্ত ক্ষমা প্রার্থনা করিবেন।"**
কে, কাকে একথা বলেছে ? কোন আচরণকে নৃশংস বলা হয়েছে ? তাঁর ক্ষমা প্রার্থনার কারণ কী ?

৩। **"অতঃপর তাঁহার অন্তঃকরণে বিলক্ষণ ভয়ের উদয় হইতে লাগিল।"**
কার ভয়ের কথা বলা হয়েছে ? কোন পরিস্থিতির কথা এখানে বলা হয়েছে ? ভয় পেয়ে তিনি কী করেছিলেন ?

৪। **"সে তখন নিতান্ত হতাশ হইয়া তথা হইতে প্রস্থান করিল।"**
কে কোথা থেকে প্রস্থান করল ? তার হতাশ হবার কারণ কী ? হতাশ হয়ে সে কী করল ?

৫। **"তুমি আমায় আমার আলয়ে পৌছাইয়া দাও।"**
কে কাকে একথা বলেছে ? তার একথা বলার কারণ কী ? সে কি তাকে বাড়ি পৌছিয়ে দিয়েছিল ?

৬। **"আমেরিকার অসভ্য, ইউরোপীয় সভ্যের সম্মুখবর্তী হইয়া অবিচলিত নয়নে কিয়ৎক্ষণ তাহার মুখ নিরিক্ষণ করিল।"**
কাদের কথা বলা হয়েছে ? আমেরিকার অসভ্য বলতে কাদের বোঝানো হয়েছে ? লেখক ইউরোপীয় সভ্য বলতে কী বুঝিয়েছেন ?

### বঙ্গভাষা

**সপ্রসঙ্গ ব্যাখ্যা -**

১। হে বঙ্গ ভান্ডারে তব বিবিধ রতন।
২। পর ধন লোভে মত্ত করিনু ভ্রমণ।
৩। মজিনু বিফল তপে অবরণ্যে বরি।
৪। কেলিনু শৈবালে ; ভুলি কমল কানন।
৫। এ ভিখারি দশা তবে কেন তোর আজি।
৬। কাটাইনু বহুদিন সুখ পরিহরি।

**প্রশ্নোত্তর -**

১। **"পরদেশে ভিক্ষা বৃত্তি কুক্ষণে আচরি"-**
কে পরদেশ গিয়েছিলেন ? তিনি পরদেশ গিয়েছিলেন কেন ? পরদেশে গিয়ে তাঁর জীবন কেমন কেটেছিল ?

২। **"তা সবে, (অবোধ আমি) অবহেলা করি"-**
আমি কে ? তিনি কাকে কেন অবহেলা করেছেন ? তিনি নিজেকে অবোধ বলেছেন কেন ?

৩। **"পর ধন লোভে মত্ত করিনু ভ্রমণ।"**
পর ধন বলতে কী বোঝানো হয়েছে ? কে কেন পর ধনের লোভ করেছিলেন ?

৪। **"পালিলাম আজ্ঞা সুখে; পাইলাম কালে"**
কবি কার কী আজ্ঞা পালন করলেন ? আজ্ঞা পালনের ফল কী হয়েছিল ?

৫। **"কেলিনু শৈবালে ; ভুলি কমল কানন"-**
'কানন' কথার অর্থ কি ? আলোচ্য অংশটির প্রসঙ্গ উল্লেখ কর। আলোচ্য অংশটির মাধ্যমে তিনি কি বোঝাতে চেয়েছেন ?

৬। **"মাতৃভাষা রূপ খনি পূর্ণ মণিজালে"-**
কোন প্রসঙ্গে কবি এই উক্তি করেছেন ? আলোচ্য অংশটির মাধ্যমে কবি কি বোঝাতে চেয়েছেন ?

৭। **"এ ভিখারী দশা তবে কেন তোর আজি" -**
কবি কিভাবে ভিখারী দশা মুক্ত হলেন ? আলোচ্য অংশটির মাধ্যমে কবি কি বোঝাতে চেয়েছেন ?

৮। কবি তার পরভাষা চর্চাকে কিসের সঙ্গে তুলনা করেছেন ? তিনি নিজের মনোভাব পরিবর্তন কিভাবে বর্ণনা করেছেন ? বাংলাভাষার গুণগান কিভাবে করেছেন তিনি ?

৯। **"পরধন লোভে মত্ত, করিনু ভ্রমণ"**
'মত্ত' কথার অর্থ কি ? উক্তিটি কার ? আলোচ্য অংশটির মধ্যে দিয়ে বক্তা কি বোঝাতে চেয়েছেন ?

১০। **"স্বপ্নে তব কুললক্ষ্মী কয়ে দিলা পরে" -**
কুললক্ষ্মী কাকে স্বপ্ন দিলেন ? স্বপ্নে তিনি কি আদেশ দিলেন ?

১১। **"তা সবে (অবোধ আমি) অবহেলা করি"-**
তা সব বলতে কবি কি বুঝিয়েছেন ? তিনি কাকে কেন অবহেলা করেছেন ? তিনি নিজেকে অবোধ বলেছেন কেন ?

## মহাপ্রস্থান

**অতি সংক্ষিপ্ত প্রশ্ন**

১। যুধিষ্ঠিরের স্বর্গারোহণের সময় কে তাঁর সর্বক্ষণের সাথী ছিল ?
২। তুষারাবৃত পথে চলতে গিয়ে কে প্রথমে পড়ে গেলেন ?
৩। যুধিষ্ঠিরের অনুগামী কুকুরটি কে ছিল ?
৪। রাজা পান্ডুর জ্যেষ্ঠ পুত্রের নাম কি ?
৫। দ্রৌপদী কে ছিলেন ?
৬। মহাপ্রস্থানের পথে কে কে গিয়েছিলেন ?
৭। কুকুরের স্বর্গলোকে স্থান নাই - উক্তিটি কার ?
৮। যমের বাহন কে ?
৯। 'আপনার জন্মে বসুধাতল ধন্য হইয়াছে'- কার উক্তি ?
১০। যুধিষ্ঠিরের সিংহাসনে আরোহণের কত বছর পর শ্রীকৃষ্ণের মর্তধাম পরিত্যাগের খবর আসে ?
১১। নকুল, অর্জুন ও ভীম কী কারণে ভূমিতলে পতিত হন ?
১২। কে স্মরণাগতকে ত্যাগ করতে রাজি ছিল না ?
১৩। যুধিষ্ঠিরের শরন নিয়েছিল কে ?
১৪। যুধিষ্ঠিরের ধর্মের পরীক্ষা কে নিয়েছিল ?
১৫। মহাপ্রস্থান গল্পে কে কোন পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিল ?
১৬। ইন্দ্র কেন যুধিষ্ঠিরের সঙ্গে আগত কুকুরটিকে স্বর্গে স্থান দিতে রাজি ছিলেন না ?
১৭। মহাপ্রস্থান কী ?

**প্রশ্নোত্তর -**

১। **"আর কেন, আমদেরও যাইবার সময় উপস্থিত হইয়াছে।"**
বক্তা কে ? কাদের কোথায় যাবার সময় উপস্থিত ? এরূপ কথা ভাবার কারণ কী ?

২। **"ইন্দ্র এই কথা শুনিয়া চমকিত হইয়া কহিলেন।"**
ইন্দ্র কে ? তিনি কেন চমকিত হলেন ? চমকিত হয়ে তিনি কী বললেন ?

৩। **"তাঁহারা নিস্তব্ধভাবে তুষারাবৃত পথে চলিতে লাগিলেন।"**
কারা কোথায় চলেছেন ? কেন তারা এভাবে পথ চলতে লাগলেন ? তখন কী ঘটনা ঘটেছিল ?

৪। **"চলো চলো অগ্রসর হও।"**
কে কাকে এ কথা বলেছেন ? কখন এ কথা বলেছে ? তারা কোথায় কেন অগ্রসর হচ্ছিল ?

৫। **"সাক্ষাৎ ধর্মরাজ যম সেখানে বর্তমান।"**
ধর্মরাজের পরিচয় দাও। তিনি কখন কোথায় বর্তমান হলেন ?

৬। **"আমি ইহাতে সম্মত আছি।"**
কে কাকে একথা বলেছে ? কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে ? তিনি কিসে সম্মত ছিলেন ?

৭। **"আমরা শ্রীকৃষ্ণের সহিত দেখা করিতে যাইতেছি।"**
আমরা কে ? তারা শ্রীকৃষ্ণের সাথে কোথায় দেখা করতে যাচ্ছিলেন ? কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে ?

৮। **"আপনিই কেবল সশরীরে স্বর্গ গমনের অধিকারি।"**
কে কাকে একথা বলেছে ? কখন সে একথা বলেছে ? বক্তা কাকে স্বর্গে প্রবেশাধিকার দিতে রাজি ছিলেন না এবং কেন ?

৯। **"আপনি সেই পরীক্ষায় উত্তীর্ন হইয়াছেন।"**
কে কাকে একথা বলেছে ? কে কোন পরীক্ষায় কীভাবে উত্তীর্ণ হয়েছিল ?

১০। **"হে রাজন্ ! আপনি মর্ত্যগণের মধ্যে শ্রেষ্ঠ।"**
কাকে একথা বলা হয়েছে ? কখন একথা বলা হয়েছে ?

১১। **"বৎস রথে আরোহণ কর।"**
কে কাকে একথা বলেছে ? কখন একথা বলেছে ? এর পরবর্তী ঘটনা কি ঘটেছিল ?

## আমার বাড়ি

**সপ্রসঙ্গ ব্যাখ্যা -**

১। জেলেরা দেয় বাচ, লাফায় বোয়াল মাছ / নীরব আকাশ মুখর করে শঙ্খ চিলের ডাকে।
২। জল সেখানে সোহাগ-ভরে স্থলকে ঘিরে রাখে।

**প্রশ্নোত্তর -**

১। **"আমি দেখি আপন মনে, আর দেখে না কেউ।"-**
আমি বলতে কার কথা বোঝানো হয়েছে ? তিনি কি কি দেখেছেন ?

২। **"যত দূরেই চাই - শোভার সীমা নাই।"**
কার লেখা কোন কবিতার অংশ ? কবির গ্রাম কোন নদীর ধারে ? এই কবিতায় যে শোভার বর্ণনা দেওয়া হয়েছে তা উল্লেখ কর।

## লালু

**অতি সংক্ষিপ্ত প্রশ্ন**

১। গোপাল খুড়োর জীবনের ব্রত কি ছিল ?
৫। লালু কোন কাজে বাইরে যেত ?
২। বিষ্টু ভট্টাচার্য কি করতেন ?
৬। বিষ্টু ভট্টাচার্যের স্ত্রী কিসে মারা যান ?
৩। শ্মশানে পৌঁছে কি বিপত্তি দেখা গিয়েছিল ?
৭। 'ও বেটারা ওইরকম'- কাদের সম্পর্কে কে এই উক্তিটি করেছেন ?
৪। শ্মশান কত দূর ছিল ?
৮। 'তোর ভারি বুদ্ধি যা করছিস কর।' কে কার সম্পর্কে এই উক্তি করেছেন ?

**প্রশ্নোত্তর -**

১। **"সবাই চমকে উঠলাম।"**
সবাই কারা ? চমকে ওঠার কারণ কি ? চমকে উঠে সবাই কী করল ?

২। **"ঘন্টা খানেক পর একে একে সবাই ফিরে এলাম।"**
কারা ফিরে এল ? তারা স্থান ত্যাগ করেছিল কেন ? ইতিমধ্যে সেখানে আর কি এসে পৌঁছেছে ? কাদের তখনও দেখা যায়নি ?

৩। **"ওরে আজ রাত্রিটা একটু সতর্ক থাকিস, ডাকলে যেন সাড়া পাই।"**
কথাগুলি কে কাদের বলেছিল ? বক্তা তাদের সতর্ক থাকতে বলেছেন কেন ?

৪। **"বিষ্টু পন্ডিতের পরিবারটা বুঝি রক্ষে পেল না।"**
বিষ্টুপন্ডিত কে তার পরিচয় দাও ? কে কাদের একথা বলেছিল ? তারপর তারা কি করেছিল ?

৫। **"লক্ষণ ভালো ঠেকছে না রে।"**
কে কাদের উদ্দেশ্যে একথা বলেছে ? কখন বলেছে ? কিসের লক্ষণের কথা বলা হয়েছে ?

৬। **"আমি লালু ফিরে আয়।"**
লালু কাদের ফিরে আসতে বলেছিল ? তারা কোথায় এবং কেন পালিয়ে যাচ্ছিল ? লালুর ডাকে ফিরে এসে তারা কি করেছিল ?

৭। **"আমরা সবাই মারলাম উর্ধ্বশ্বাসে দৌড়।"**
আমরা বলতে কারা ? কেন তারা দৌড় মেরেছিল ? তারপর কি হয়েছিল ?

৮। **"সেই সম্পর্কে উনি আমাদের মা।"**
বক্তা কে ? কে কার সম্পর্কে মা ছিলেন ? বক্তা কোন প্রসঙ্গে কথাটি বলেছেন ?

৯। **"এরপরে মণি আর কথা কইতে পারল না।"**
মণি কে ? কার কোন কথা বলার পর সে কথা কইতে পারেনি ?

১০। **"এর চেয়ে পুণ্য কর্ম আর সংসারে নেই।"**
কার লেখা কোন গল্পের অংশ ? কে কাদের একথা বলেছে ? কখন বলেছে ? লেখক এখানে পুণ্য কর্ম বলতে কি বোঝাতে চেয়েছেন ?

১১। **"সেদিন সন্ধ্যাবেলা বিষন্নমুখে খুড়ো এসে বললেন।"**
সন্ধ্যাটি কোন কালের ? খুড়ো কে ? তিনি কী বললেন ?

১২। **"নিজেদের নির্বুদ্ধিতায় লজ্জা পেয়ে সবাই ফিরে এলাম।"**
কখন সবাই ফিরে এসেছিল ? নির্বুদ্ধিতা কী ?

## মাস্টার মহাশয়

প্রশ্নোত্তর -

১। **"মহা বিপন্নভাবে হারাধন মাস্টার সকলকে কি বলিতে চেষ্টা করিলেন।"**
কোন গল্পের অংশ ? হারান মাস্টারকে কে বিপন্ন পরিস্থিতির সামনে দাঁড় করিয়েছিল ? ঘটনাটি কি ঘটেছিল সংক্ষেপে লেখ।

২। **"দীর্ঘনিশ্বাস জড়িত স্বরে রামচরণ উত্তর করিল, নন্দীপুর থেকে।"**
রামচরণের দীর্ঘনিশ্বাস ফেলার কারণ কি ? আসল কারণটি বলার আগে রামচরণ কি করেছিল ? শেষ পর্যন্ত সে গ্রামবাসীর কাছে কি তথ্য বিশ্লেষণ করেছিল ?

৩। **"বিচারের দিন স্থির হইল।"-**
কবে, কখন, কোথায় বিচারের দিন স্থির হয়েছিল ? কাদের বিচারের কথা এখানে বলা হয়েছে ? কেন তাদের বিচারের প্রয়োজন হয়েছিল ?

৪। **"উভয় গ্রামই স্ব স্ব মাস্টারের অসাধারণ পান্ডিত্য সম্বন্ধে সন্ধিহান হইয়া উঠিলেন।"-**
কোন কোন গ্রামের কথা এখানে বলা হয়েছে ? তাদের গ্রামের মাস্টারদের নাম কি ছিল ? তারা কত টাকা বেতন পেত ? কেন তারা গ্রামের মাস্টারদের পান্ডিত্য সম্পর্কে সন্ধিহান হয়ে উঠল ?

৫। **"শ্রবণমাত্র নন্দীপুরের সকলের মুখ একেবারে পাংশুবর্ণ ধারণ করিল।"-**
কার লেখা কোন গল্প থেকে উদ্ধৃতাংশটি গৃহীত ? কি শুনে নন্দীপুরের সকলের মুখ পাংশুবর্ণ ধারণ করে ? তারপর কি হয়েছিল ?

৬। **"হীরু দত্তের প্রতিজ্ঞা অনুসারে পরদিনই ইস্কুল খুলিল।"**
হীরু দত্ত কে ? তিনি কি প্রতিজ্ঞা করেছিলেন ? কতগুলি ছাত্র নিয়ে স্কুল শুরু হয়েছিল ? তাদের জন্য হীরু দত্ত মহাশয় কি কি এনেছিলেন ?

৭। **"মাস্টার মহাশয়ের মুখে এইরূপ কথাবার্তা শুনিয়া লোকে একেবারে মোহিত হইয়া গেল।"**
মাস্টার মহাশয় বলতে কার কথা বলা হয়েছে ? তার পরিচয় দাও। লোকে কি শুনে মোহিত হয়েছিল ?

৮। **"পূজান্তে গোঁসাইগঞ্জ একটা কথা শুনিয়া বড় উদ্বিগ্ন হইয়া উঠিল।"**
কোন পূজার কথা এখানে বলা হয়েছে ? গোঁসাইগঞ্জ কি কথা শুনে উদ্বিগ্ন হয়ে পড়েছিল ? গোঁসাইগঞ্জের মাস্টার মশাইয়ের নাম কি ?

## কুম্ভীর বিভ্রাট

১। **"তাঁহার গৃহিনীর সর্বাঙ্গ বহুমূল্য অলঙ্কারে ভূষিত ছিল।"**
তাঁহার বলতে কার কথা বলা হয়েছে ? কারা এই দৃশ্য দেখেছিল ? অলঙ্কারগুলি পরে কোথা থেকে পাওয়া গিয়েছিল ?

২। **"এখন বলিতেছ যে আজগুবি গল্প, কলির ধর্ম বটে।"**
বক্তা কে ? কার গল্পকে কে আজগুবি বলেছিল ? গল্পটি কি বিষয়ে ছিল অতি সংক্ষেপে লেখ।

৩। **"বেলা তিনটার সময় আমাদের এই সমুদয় আয়োজন সমাপ্ত হইল।"-**
কে আয়োজন করেছিল ? কি ধরার আয়োজন করেছিল ? আয়োজনটা কীরূপ ছিল ?

৪। **"কাহাকে সে বেগুন বেচিতেছিল, সে খোঁজ করিবার আমার সময় ছিল না।"-**
কে কাকে একথা বলেছিল ? কখন বলে ? এরপর কি হয়েছিল ?

৫। **"পেট চিরিয়া তাহার পেটের ভিতর যাহা দেখিলাম, তাহা দেখিয়াই আমার চক্ষুস্থির।"-**
কার উক্তি ? তিনি কার পেট চিরে কি দেখলেন ? বক্তার চক্ষুস্থির হয়ে গেল কেন ?

৬। **"তাহার দাঁত এত ছোট কেন ?" -**
কার উক্তি ? কার দাঁতের সম্পর্কে এই উক্তি ? সে কি উত্তর পায় ?

## GRAMMAR

### স্বরসন্ধি

**সন্ধি সম্পর্কিত প্রশ্নগুলির সঠিক উত্তর দাও -**

| | | | | |
|---|---|---|---|---|
| শুভ + অশুভ, | মহা + ঈশ্বর , | গুরু + উপদেশ, | স + উল্লাস, | অধি + অয়ণ |
| যথা + উচিত, | পদ + উন্নতি, | ভো + অন, | মনু + অন্তর, | পৌ + অক, |
| সু + উক্ত | যথা + ইষ্ট, | প্রাণ + অধিক, | প্র + আপ্তি, | বিবেক + আনন্দ |
| অপ + ঈক্ষা | অতি + অন্ত | সে + অন | পশু + আচার | বি + অবহার |
| বি + অর্থ | বি + অবধান | সু + আগত | অনু + ইত | গৈ + ইকা |
| পৌ + অক | প্রতি + উক্তি | অতি + অধিক | স + অক্ষর | স্ব + অক্ষর |

**সন্ধিবিচ্ছেদ কর -**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| শয়ন, | যদ্যপি, | অত্যাচার, | সতীশ, | স্বেচ্ছা, | রথীন্দ্র, | ক্ষুধার্ত, | পিত্রাদেশ, | অভীষ্ট, |
| নাবিক, | ভাবুক, | গবেষণা, | নয়ন, | নায়ক, | ভবন, | প্রত্যাশা, | অত্যুচ্চ, | প্রত্যুত্তর, |
| শীতার্ত, | যদ্যপি, | অধ্যয়ন | নরেশ | | | | | |

### ব্যঞ্জনসন্ধি

**সন্ধি যুক্ত কর -**

| | | | | |
|---|---|---|---|---|
| দিক্ + অন্ত | ণিচ্ + অন্ত | ষট্ + অন্ত | দিক্ + অঙ্গনা | পশ্চাৎ + আগত |
| পতম্ + গ | সৎ + চরিত্র | উৎ + জ্বল | যাবৎ + জীবন | তদ্ + লিপি |
| ষট্ + মাস | দুহ্ + ত | দহ্ + ত | স্ব + ছন্দ | বৃক্ষ + ছায়া |
| যাচ্ + না | যজ্ + ন | উদ্ + নথি | দন্ + শন | প্রশন্ + সা |
| সম্ + চয় | সম্ + ন্যাসী | বসুম্ + ধরা | উৎ + হৃত | |

**সন্ধি বিচ্ছেদ কর -**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| সংকল্প | অহংকার | সংঘাত | সংরক্ষণ | উত্থাপন | ষষ্ঠ | হৃষ্ট |
| বৃষ্টি | তস্কর | একাদশ | আশ্চর্য | আকৃষ্ট | পরস্পর | কিন্তু |
| গন্তব্য | হিংসা | বৃহস্পতি | দ্যুলোক | পুংলিঙ্গ | ষোড়শ | পরিষ্কার |

## পদ পরিবর্তন

### পদ পরিবর্তন কর

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ভন্ড, | পাথর, | গেছো, | সাক্ষর, | আধিক্য, | ভয়াবহ, | সৌজন্য, | লোপ, | আতিথেয়তা, |
| উৎসাহী, | জাতীয়, | রসালো, | লজ্জিত, | শারীরিক, | নগর, | ধর্ম, | নিন্দা, | নরক, |
| দিন, | কায়, | ক্রয় | অগ্নি | অনুমান | অসুর, | অপসরণ, | অগ্র, | আঘাত |
| আরম্ভ, | নীতি, | প্লাবন, | প্রেরণ, | সমুদ্র, | লালন, | লোক, | বিশ্বাস, | ভূগোল, |

## বিপরীত শব্দ

### বিপরীত শব্দ লেখ

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| আকাশ, | অর্থ, | আদি, | ভিক্ষুক, | ইতর, | ঊষা, | কৃতজ্ঞ, | স্বর্গ, | উচ্চ, |
| ইহলোক, | উত্তম, | আদান, | ভিক্ষুক, | অসীম, | ন্যায়, | শায়িত, | বক্তা, | ভীরু, |
| আসমান, | সৃষ্টি, | উদয়, | হাস্য, | মহৎ, | বক্তা, | ভীরু, | গরিষ্ঠ, | বর্ধিষ্ণু, |
| উদ্ধত, | রিজু, | কৃশ, | আর্দ্র, | আবাহন, | আমদানি, | অলীক, | মহত্ব, | প্রতুল, |
| দাতা, | দৃঢ়, | নির্দয়, | নিকৃষ্ট, | হজম, | হ্রাস, | স্থাবর, | মহাশয়, | গরিমা, |
| কাপুরুষ, | কুলীন, | ঐচ্ছিক, | অশন, | আসামী, | আহুতি, | সঙ্কোচন, | জাগ্রত, | বৈধ, |
| বিপন্ন, | বিরহ, | ভিন্নার্থক, | বিষন্ন, | বিরল, | বিলম্বিত, | নাবালক, | গয়ন, | রাজি |

## সাধু ও চলিত

### নির্দেশমত সাধু ও চলিত ভাষায় রূপান্তরিত কর।

### চলিত ভাষা থেকে সাধু ভাষায় রূপান্তরিত কর।

১। কিন্তু সর্দারের তখন আর লড়বার ইচ্ছে নেই।
২। পুঁটুলিটি মাথায় দিয়ে যোগেন পন্ডিত জোড়া দেওয়া বেঞ্চের উপর শুয়ে পড়ে।
৩। জমিদারের লোকের সঙ্গে যুঝছে ভেবে সে পরমানন্দে লাঠি চালাচ্ছিল।
৪। শুনে ছেলের আবদার আরও বেড়ে উঠল।
৫। মন্ত্রী কিছুই বুঝতে পারল না।
৬। ওর দুর্গন্ধে সভা ভরে গেছে টের পাচ্ছেন না ?
৭। বেদির উপর থেকে একজন আস্তে আস্তে বললেন, হিয়ার হিয়ার।
৮। আর দেরী করলে নিদারুণ ভুল করা হবে।
৯। কোনও সন্দেহ নেই, এখানে আর পসার জমতে পারবে না।
১০। রূপোর কান্না শুনে তিনি ছুটে এসে বাবাকে যথেষ্ট বকলেন।
১১। এমন সময় সেই জোলা ভোর হয়েছে কিনা দেখবার জন্য বাইরে এসেছে।
১২। আর সে ভাবছে, টাগ যদি আসে কোনখান দিয়ে সে পালাবে।
১৩। তখন তারা দুইজনে মিলে রান্নাঘরে গর্ত খুঁড়ল।
১৪। বোকা কুমির সে কথা জানত না, সে ভাবলে বুঝি আলু তার গাছের ফল।
১৫। রাজা বললেন, আচ্ছা তাই পাবি, কিন্তু খেতে হবে সব।

### সাধু ভাষা থেকে চলিত ভাষায় রূপান্তরিত কর।

১। আমাকে একটু চাখিয়া দেখিতে বলিল।
২। মশার হাত হইতে অর্থাৎ শুঁড় হইতে পরিত্রাণ পাইয়া আমি আবাদের চারিদিকে পুণরায় ভেড়ি বাঁধাইলাম।
৩। পিসিমা উপর হইতে রাগ করিয়া বলিলেন, রেখে দাও।
৪। সে প্রতি বৎসর এই সময়টায় একবার করিয়া রোজগার করিতে আসে।
৫। নৌকায় বসিয়া আমি ভাবিতে লাগিলাম।
৬। রঙলাল রাগিয়া আগুন হইয়া উঠিল।
৭। রঙলালের কাছে আসিয়া তাহার মুখের দিকে চাহিয়া দাঁড়ায়।
৮। গাড়ির বাহির খন্ড স্টেশন ছাড়াইয়া আসিয়াছে।
৯। মহারাজের সভায় থাকিলে আমি হাসিতে ভুলিয়া যাইব।

১০। আমি ইহাতে সম্মত আছি।
১১। একদিন আমি তামাশা দেখিবার জন্য একটি খড়ের সাপ লইয়া তাহাকে ভয় দেখাইতে গেলাম।
১২। ইন্দ্র দেখিলেন যে এমন লোক একটিও সংসারে নাই।
১৩। সাপের বাছা ঠকিয়া গিয়া বড়ই চটিল।
১৪। সাবিত্রি বলিলেন আমার কোনও কষ্ট হইবে না।
১৫। আজ তোমার পতি সত্যবাণের আয়ু শেষ হইয়াছে তাই তাহাকে বাঁধিয়া নিতে আসিয়াছি।

## WRITING
## অনুচ্ছেদ লিখন

১। বনসৃজন ও বন সংরক্ষণ
২। রক্তদান জীবনদান
৩। একটি শহরের আত্মকথা
৪। একটি নির্জন দুপুর
৫। তোমার জীবনের লক্ষ্য
৬। একটি ভ্রমণের অভিজ্ঞতা
৭। মোবাইল ফোন
৮। ঋতু বিষয়ক
৯। তোমার প্রিয় মহাপুরুষ / কবি / সাহিত্যিক

## পত্র লিখন (ব্যক্তিগত পত্র)

১। গ্রামের দুর্গাপুজো ও শহরের দুর্গাপুজো পার্থক্য করে বন্ধুকে একটি পত্র লেখ।
২। সংবাদ পত্র পাঠের প্রয়োজনীয়তার কথা জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখ।
৩। খেলাধূলার উপযোগীতা জানিয়ে ছোট ভাইকে একটি পত্র লেখ।
৪। একটি ভিড় বাসের অভিজ্ঞতার কথা জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখ।
৫। স্কুল থেকে শিক্ষামূলক ভ্রমণে নিয়ে যাওয়া হচ্ছে, বাবার কাছে অনুমতি চেয়ে একখানি পত্র লেখ।
৬। তোমাদের শহরে একটি পুষ্প প্রদর্শনীর আয়োজন করা হয়েছে, সেখানে তুমি অংশগ্রহণ করতে চাও। কীভাবে আগাম প্রস্তুতি নিতে হবে তা জানতে চেয়ে দাদুর কাছে একটি পত্র লেখ।
৭। বর্তমানে অটোর দৌরাত্ম যেভাবে বেড়েছে তা নিয়ে তোমার একটি তিক্ত অভিজ্ঞতার কথা জানিয়ে কাকুকে চিঠি লেখ।
৮। তুমি আন্তঃবিদ্যালয় (Inter School) বিতর্ক প্রতিযোগীতায় প্রথম হয়েছ। তোমার এই নতুন উপলব্ধির কথা জানিয়ে প্রিয় বন্ধুকে পত্র লেখ।
৯। তোমার বন্ধু ব্যাডমিনটন প্রতিযোগীতায় প্রথম হয়েছে। তাকে অভিনন্দন জানিয়ে একটি পত্র লেখ।
১০। তোমার দেখা একটি মেলার অভিজ্ঞতার কথা জানিয়ে তোমার বিদেশে থাকা পত্রমিতাকে একটি পত্র লেখ।
১১। চিড়িয়াখানা ভ্রমণের কাহিনী বর্ণনা করে তোমার বন্ধুর কাছে একটি পত্র লেখ।

## বোধপরীক্ষণ

1. **নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও।**

উটের বাহিনী চলেছে সাহারার ভিতর দিয়ে। কত দিন যায়, কত রাত যায়। সঙ্গে প্রচুর পরিমাণে জল আছে, যন্ত্রপাতি আছে। রাত্রে প্রবল ঠান্ডা পড়ে হাত-পা জমে যায়, অভিযানকারীরা তাঁবু খাটিয়ে ঘুমোয়। দিনের বেলা আবার তারা চলে। সূর্যের সাংঘাতিক আলো, প্রচন্ড উত্তাপ-দিগদিগন্ত সেই আগুনে আর বালুতে ধূ-ধূ করে। তারা এগিয়ে চলে। মাঝে মাঝে তারা জরিপ করে, পথের পরিমাপ হিসেব করে, প্ল্যান আঁকে। আবার চলে। এমনি করে তিন মাস কাটল। কিন্তু ঠিক তিন মাস পরে সহসা বিপদের করাল মূর্তি তাদের সামনে এসে দাঁড়াল। তারা শিউরে উঠল। সেই ঘটনাটাই বলব। ১৮৮১ খ্রিস্টাব্দের ১৬ই ফেব্রুয়ারী তারিখে কর্নেল ফ্ল্যাটার্স আউ পর্বতের দিকে এগিয়ে চললেন। তাঁর সঙ্গে ছিলেন ম্যাসেন, গুইয়ার এবং আরও দুইজন ইঞ্জিনিয়ার। তাঁরা নির্ভয়ে এগিয়ে চলছিলেন। চলতে চলতে তাঁরা পৌঁছোলেন বির এল-ঘরামা নামক একটা কুয়ার কাছাকাছি। এমন সময় সহসা পিছন থেকে তুরাগ দস্যুর দল তাঁদের বিশ্বাসঘাতকতার সঙ্গে আক্রমণ করে। ঠিক সেই সময় তাঁদের উটগুলিকে জল খাওয়ানো হচ্ছিল- সেই উটগুলির ওপর দস্যুরা এসে পড়ে।

ক। সাহারা মরুভূমি দিয়ে কি চলেছিল ?
খ। দিনের বেলায় সাহারা মরুভূমি কি অবস্থায় থাকে ?
গ। আউ পর্বতের দিকে কে, কত খ্রীস্টাব্দে এগিয়ে চলেছিলেন ?
ঘ। তাঁর সঙ্গে কে কে ছিল ?

ঙ। **'ধু-ধু'** - শব্দটি দিয়ে বাক্যরচনা কর।

**2. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও।**

সেই লাঠিয়াল শ্রীমন্তকে ঠাকুরদাস পাঠিয়েছিলেন ছেলের কাছে। এখন থেকে সে কলকাতাতেই থাকবে। ঈশ্বরচন্দ্র তাকে দেখে বিস্মিত। কলকাতায় লাঠিয়ালের কি প্রয়োজন ? কলকাতায় পুলিশ কোতোয়ালি আছে, তাছাড়া কলকাতায় বাঘা বাঘা ধনী অজস্র, তাদের ছেড়ে দস্যু তসকরেরা তাঁর মতন এক শিক্ষকের দিকে নজর দেবে কেন ? কিন্তু শ্রীমন্ত কিছুতেই গ্রামে ফিরে যেতে রাজী নয়। সে ছায়ার মতন লেগে রইল ঈশ্বরচন্দ্রের সঙ্গে, দিনে রাত্রে চব্বিশ ঘন্টার মধ্যে ঈশ্বরচন্দ্র যখন যেখানে যান, শ্রীমন্ত ঠিক পশ্চাতে পশ্চাতে থাকে।

ঠাকুর গ্রামে বসেই ঠিকই সংবাদ পেয়েছিলেন, কলকাতায় তাঁর পুত্রের প্রাণের আশঙ্কা আছে, লুণ্ঠন অপহরণের জন্য নয়, অন্য কারণে। ঈশ্বরচন্দ্র বিধবা বিবাহকে শাস্ত্রসিদ্ধ এবং আইনসিদ্ধ করবার পথে অনেকখানি অগ্রসর হয়েছিলেন। এইজন্য তার এখন প্রচুর শত্রু। 'বিধবা বিবাহ প্রচলিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক প্রস্তাব' নামে ঈশ্বরচন্দ্র রচিত পুস্তকটি প্রকাশের সঙ্গে সঙ্গে ঝড় তুলেছিল। এরই বিপক্ষে কলম ধরলেন দলে দলে ব্রাহ্মণ পন্ডিত।

ক। শ্রীমন্ত লাঠিয়ালকে কে কার কাছে পাঠিয়েছিলেন ?
খ। ঠাকুরদাস গ্রামে বসে কি সংবাদ পেয়েছিলেন ?
গ। ঈশ্বরচন্দ্রের কেন প্রচুর শত্রু তৈরি হয়েছিল ?
ঘ। ঈশ্বরচন্দ্র রচিত কোন পুস্তকটি প্রকাশের সঙ্গে সঙ্গে সমাজে ঝড় উঠেছিল ?
ঙ। **'প্রচলিত'** শব্দের পদ পরিবর্তন কর।

**3. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও।**

উনত্রিশে ভোর ছটা বাজতেই তেনজিং আর হিলারি শেষ অভিযানের জন্য সজ্জিত হয়ে বেরিয়ে পড়লেন। ন'টার সময় তাঁরা দক্ষিণ চূড়ায় এসে উঠলেন। সেখান থেকে এভারেস্টের মূল চূড়া হল আর আধ মাইল মাত্র। সেখানে এসে মিনিট দশেক তাঁরা বিশ্রাম নিলেন। অক্সিজেনের যন্ত্রের দিকে চেয়ে তারা ভীত হয়ে উঠলেন। তখন তাঁরা হিসেব করে অক্সিজেনের মাত্রা কমিয়ে দিলেন। তাতে অবশ্য নিঃশ্বাস নিতে একটু অসুবিধা হতে লাগল। সেখান থেকে আধ মাইল পথ অতিক্রম করতে আড়াই ঘন্টা লাগল। সাড়ে এগারোটার সময় তেনজিং এভারেস্টের চূড়ায় গিয়ে উঠলেন। তারপর হিলারিকে হাত বাড়িয়ে তুলে নিলেন। পঞ্চাশ বছর ধরে মানুষের অবিরাম অবিশ্রান্ত সাধনা সেদিন জয়যুক্ত হল। চূড়ায় পদার্পণ করে তেনজিং নতজানু হয়ে ভগবান বুদ্ধকে স্মরণ করলেন। সঙ্গে যে চকোলেট আর বিস্কুট ছিল তারই অর্ঘ্য মাটিতে রেখে ইষ্ট দেবতাকে স্মরণ করলেন।

ক। ভোর ছটা বাজতেই কারা শেষ অভিযানের জন্য সজ্জিত হয়ে বেড়িয়ে পড়েন ?
খ। কটার সময় তারা দক্ষিণের চূড়োয় এসে উঠলেন ? সেখান থেকে এভারেস্টের চূড়ার দূরত্ব কত ছিল ?
গ। তাদের নিঃশ্বাস নিতে একটু অসুবিধা হতে লাগল কেন ?
ঘ। চূড়ায় পদার্পন করে ভগবান বুদ্ধকে কে স্মরণ করেছিল ? তারপর সে কি করেছিল ?
ঙ। 'স্মরণ' শব্দটি দিয়ে একটি বাক্য রচনা কর।

## SYLLABUS FOR PERIODIC ASSESSMENT-II

**সাহিত্য** : **গদ্য :** সভ্য-অসভ্য, মহাপ্রস্থান, লালু
**পদ্য :** বঙ্গভাষা, আমার বাড়ি

**সহায়ক পাঠ** : কুম্ভীরবিভ্রাট, মাস্টারমশাই

**ব্যাকরণ** : সন্ধি (স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি) পদ-পরিবর্তন, বিপরীত শব্দ, সাধু ও চলিত

**নির্মিতি** : অনুচ্ছেদ, পত্রলিখন ও বোধপরীক্ষণ